# আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৪১

১৫/ হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৭. ইহরাম বাঁধার সময় মুহরিম ব্যক্তির সুগন্ধি ব্যবহার।

الطيب للمحرم عند الإحرام

## আরবী

حديث عَائِشَةَ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ، قَالَ: سَأَلْتُ عَائِشَةَ فَذَكَرْتُ لَهَا قَوْلَ ابْنِ عُمَرَ: مَا أُحِبُّ أَنْ أُصْبِحَ مُحْرِمًا أَنْضَخُ طِيبًا فَقَالَتْ عَائِشَةُ: أَنَا طَيَّبْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ثُمَّ طَافَ فِي نِسَائِهِ، ثُمَّ أَصْبَحَ مُحْرِمًا

## বাংলা

৭৪১. মুহাম্মদ ইবনু মুনতাশির (রহঃ) হতে বর্ণিত। আমি 'আয়িশাহ (রাঃ)-কে জিজ্ঞেস করলাম এবং 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-এর উক্তি উল্লেখ করলাম, "আমি এমন অবস্থায় ইহরাম বাঁধা পছন্দ করি না, যাতে সকালে আমার দেহ হতে সুগন্ধি ছড়িয়ে পড়ে।" 'আয়িশাহ (রাঃ) বললেনঃ আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সুগন্ধি লাগিয়েছি, তারপর তিনি পর্যায়ক্রমে তাঁর স্ত্রীদের সঙ্গে মিলিত হয়েছেন এবং তাঁর ইহরাম অবস্থায় সকাল হয়েছে।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫: গোসল, অধ্যায় ১৪, হাঃ ২৭০; মুসলিম, পূর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ৭, হাঃ ১১৮৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83969

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন